তারিখ ... 01 JUL 2015 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫ ...

যুগান্তর

যৌন হয়রানি

# ঢাবির এক শিক্ষক চাকরিচ্যুত একজনকে বাধ্যতামূলক ছুটি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স
স্টাডিজ বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক সাইফুল ইসলামকে স্থায়ীভাবে
চাকরিচ্যুত করা হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া
হয়। নৈতিক স্খলনের কারণে ওই শিক্ষককে চাকরিচ্যুত করা হয়েছে বলে
জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।
সিন্ডিকেটের একই সভায় বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের অধ্যাপক নূরুল
ইসলামকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছে সিন্ডিকেটের
একটি সূত্র। বিভাগের এক ছাত্রীর অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে এ ব্যবস্থা
নেয়া হয়েছে। পাশাপাশি বিভাগে তার নির্ধারিত কক্ষটি সিলগালা করে বিভাগে না
আসার জন্য সিন্ডিকেটের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে। ঘটনার বিস্তর তদন্তে
বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরিন আহমেদকে প্রধান করে
একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৩১ আগস্টের মধ্যে তদন্ত রিপোর্ট
জমা দিতে বলা হয়েছে। এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক জানান, এ বিষয়ে তিনি কিছু
জানেন না।

ভিসি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কখনোই নারীর প্রতি সহিংসতাকে মেনে নেয়নি।
নারীর ক্ষমতায়নের আন্দোলনে এ বিশ্ববিদ্যালয় সব ছুটি : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## ছুটি : বাধ্যতামূলক

(৩য় পৃষ্ঠার পর)

সময় অগ্রভাগে ছিল। পরে যাতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেই দৃষ্টান্ত
উপস্থাপন করতেই তদন্তসাপেক্ষে তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হল।
২০১৪ সালের ১৫ সেপ্টেম্বর সাইফুল ইসলামের বিরুদ্ধে একই বিভাগের এক ছাত্রী যৌন
হয়রানির অভিযোগ আনেন। এর পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ওই শিক্ষককে
সাময়িকভাবে বরখাস্ত করে এবং একটি তদন্ত কমিটি গঠন করে। তদন্ত কমিটির
প্রতিবেদন অনুযায়ী ওই শিক্ষকের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হয়।